

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নংঃ ৪৬.০০.০০০০.০৬৩.২২.০০১.১৭- ৮৬৫


তারিখঃ ০৪ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
১৮ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

পৌরসভা কর্তৃক গৃহীত সকল প্রকার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের দরপত্র আহ্বান, দরপত্র দলিল বিক্রয় ও গ্রহণ, দরপত্র মূল্যায়ন, ঠিকাদার নির্বাচন এবং চুক্তি সম্পাদনকল্পে স্থানীয় সরকার বিভাগ হতে ইতোপূর্বে জারিকৃত ২১/০৬/২০১৫ তারিখের ৪৬.০৬৩.২২. ০১.০০.০০১.২০১৫-৯৯১ নং পরিপত্র সংশোধনক্রমে নিম্নোক্ত ০৭(সাত) সদস্য বিশিষ্ট “দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি” গঠন করা হ’লঃ

(১)	প্রধান নির্বাহী কর্মকর্তা(প্রধান নির্বাহী কর্মকর্তার অবর্তমানে পৌরসভার ১নং প্যানেল মেয়র)	আহ্বায়ক
(২)	গণপূর্ত বিভাগ/পানি উন্নয়ন বোর্ড/সড়ক পরিবহন ও জনপথ বিভাগ এ’সকল দপ্তরের নির্বাহী প্রকৌশলী বা তাঁর প্রতিনিধি(সহকারী প্রকৌশলীর নিচে নয় এমন) যে কোন একজন প্রতিনিধি	সদস্য
(৩)	পৌরসভার দু’জন কাউন্সিলর	সদস্য
(৪)	পৌরসভা সংরক্ষিত আসনের একজন কাউন্সিলর	সদস্য
(৫)	জেলা সদরে অবস্থিত পৌরসভার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক মনোনীত কর্মকর্তা, উপজেলা পর্যায়ে সহকারী কমিশনার(ভূমি) পদায়িত না থাকলে জেলা প্রশাসক কর্তৃক মনোনীত কর্মকর্তা (সহকারী কমিশনার)	সদস্য
(৬)	নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট পৌরসভা (অবর্তমানে সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলীর অবর্তমানে উপ-সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট পৌরসভা)	সদস্য সচিব

উপরোক্ত কমিটির সভা আহ্বানের জন্য পাবলিক পকিউরমেন্ট বিধিমালা, ২০০৮(সর্বশেষ সংশোধনীসহ) এর দ্বিতীয় তফসিলের বিধি ৮(৮) অনুযায়ী দরপত্র ও প্রস্তাব মূল্যায়নে ২(দুই) জন বহিঃসদস্যসহ কমপক্ষে ০৫(পাঁচ) জন সদস্যের উপস্থিতি এবং মূল্যায়ন প্রতিবেদনে স্বাক্ষর আবশ্যিক।


(মোঃ আবদুর রউফ মিয়া)
উপ সচিব

বিতরণঃ

- ১) বিভাগীয় কমিশনার(সকল).....বিভাগ।
- ২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/পানি উন্নয়ন বোর্ড/সড়ক পরিবহন ও জনপথ বিভাগ।
- ৩) জেলা প্রশাসক(সকল), জেলা-.....
- ৪) পরিচালক, স্থানীয় সরকার(সকল), বিভাগীয় কমিশনার এর কার্যালয়,.....বিভাগ
- ৫) মেয়র/প্রশাসক(সকল),পৌরসভা, জেলা-
- ৬) উপ-পরিচালক, স্থানীয় সরকার(সকল), জেলা প্রশাসক এর কার্যালয়, জেলা-.....।
- ৭) প্রধান নির্বাহী কর্মকর্তা(সকল),.....পৌরসভা, জেলা-
- ৮) নির্বাহী প্রকৌশলী(সকল), গণপূর্ত বিভাগ/পানি উন্নয়ন বোর্ড/সড়ক পরিবহন ও জনপথ বিভাগ, জেলা-